

তারিখ:24/12/2013

রূপিতে ঋণগ্রহণ এবং ঋণদান – ভারতের বাইরে বসবাসকারী ভারতীয় কর্তৃক করমুক্ত, সুরক্ষিত, পরিশোধযোগ্য, অ-রূপান্তরযোগ্য বন্ডে বিনিয়োগ

আরবিআই/2013-14/416

এ.পি.(ডিআইআর সিরিজ)সার্কুলার নং 81

ডিসেম্বর 24, 2013

প্রতি

সমস্ত প্রাধিকৃত ডিলার শ্রেণী- I ব্যাঙ্ক

মহাশয়া / প্রিয় মহাশয়

রূপিতে ঋণগ্রহণ এবং ঋণদান – ভারতের বাইরে বসবাসকারী ভারতীয় কর্তৃক করমুক্ত, সুরক্ষিত, পরিশোধযোগ্য, অ-রূপান্তরযোগ্য বন্ডে বিনিয়োগ

প্রাধিকৃত ডিলার শ্রেণী- I (এডি শ্রেণী- I) ব্যাঙ্কগুলিকে বৈদেশিক মুদ্রা পরিচালন (রূপিতে ঋণগ্রহণ এবং ঋণদান)বিধি 2000-এর বিধি নং 6 (2) (মে 03, 2000 তারিখের নোটিফিকেশন নং.ফেমা 4/2000- আরবি)অবলোকন করতে বলা হচ্ছে। এই নথি ভারতে বসবাসকারী কোন ব্যক্তি যিনি ভারতের বাইরে বসবাসকারী কোন ব্যক্তির কাছ থেকে রূপিতে ঋণগ্রহণ করেছেন, তাঁর উপর এই বাধানিষেধ আরোপ করে যে ঋণ নেওয়া টাকা কোন কোম্পানি অথবা অংশীদারী সংস্থা অথবা মালিকানা ভিত্তিক সংস্থা বা অন্য কোন নিগমিত বা অনিগমিত সংস্থায় পুর্জি বা অন্য কিছু হিসেবে বিনিয়োগ করা যাবে না অথবা ঋণ হিসেবে কাউকে দেওয়া যাবে না।

2. পর্যালোচনার ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ভারত সরকার কর্তৃক অনুমোদিত ভারতে এই ধরনের আবাসিক সংস্থা / কোম্পানিগুলিকে রূপিতে বিদেশে বসবাসকারী ব্যক্তিদের জন্য করমুক্ত, সুরক্ষিত, পরিশোধযোগ্য, অ-রূপান্তরযোগ্য বন্ড জারি করতে দেওয়া হবে যাতে এই ঋণ নেওয়া অর্থ নিম্নলিখিত কাজে ব্যবহার করা যায়:

এ) পরিকাঠামো ক্ষেত্রে ঋণদান / পুনঃঋণদান করার জন্য

বি) ভারতে অবস্থিত ব্যাঙ্কে মেয়াদি আমানত করে রাখা যাতে পরে তারা অনুমোদিত উদ্দেশ্যে ব্যবহার করতে পারেন

3. (এডি শ্রেণী- I) ব্যাঙ্কগুলি এই সার্কুলারের বিষয় তাদের শাখা এবং গ্রাহকদের নজরে আনবে

4. রিজার্ভ ব্যাঙ্ক পরবর্তীকালে বিদেশি মুদ্রা পরিচালন (রূপিতে ঋণদান ও ঋণগ্রহণ) (সংশোধন) বিধি, 2013 মাধ্যমে এই বিধিতে সংশোধন এনেছে, যা বিজ্ঞাপিত হয়েছে সেপ্টেম্বর 17, 2013 তারিখের নোটিফিকেশন নং.ফেমা.287/2013-আরবি, সেপ্টেম্বর 20, 2013 তারিখের জি.এস.আর নং 645(ই) যা পঠিতব্য অক্টোবর 24, 2013- এর সংশোধনের সঙ্গে, দ্রষ্টব্য নভেম্বর 19, 2013 তারিখের জি.এস.আর নং 741(ই)।

5. বিদেশি মুদ্রা পরিচালন আইন, 1999 (1999-এর 42)-এর ধারা 10(4) এবং 11(1)-এর অধীনে এই সার্কুলারের নির্দেশগুলি জারি করা হয়েছে এবং সেগুলি অন্য কোন আইনের অধীনে যদি প্রয়োজন হয় অনুমতি / অনুমোদন নেওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করবে না।

আপনার বিশ্বস্ত

(রুদ্র নারায়ণ কর)

ভারপ্রাপ্ত মুখ্য মহাপ্রবন্ধক